

স্মারক নম্বর: ৫৬.০৪.৩৫৩২.০০০.৩২.০০১.২৩.০১

তারিখ: ০৭ জৈষ্ঠ্য ১৪৩০ বঙ্গাব্দ
২১ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: ফ্রিল্যান্সিং প্রশিক্ষণের জন্য আবেদন আহ্বান।

ডিজিটাল বাংলাদেশকে স্মার্ট বাংলাদেশের রূপান্তরের মাধ্যমে অর্থনৈতিক, সামাজিক উন্নয়ন এবং দেশের মানব সম্পদকে বিশ্বমানের হিসেবে গড়ে তোলার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের আওতায় বেকার যুবকদের কর্মসংস্থানের নিমিত্ত গোপালগঞ্জ সদর উপজেলায় ১৫ দিন ব্যাপী মোট ৪৫ ঘণ্টার ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ কার্যক্রম সম্পূর্ণ বিনামূল্যে পরিচালনা করা হবে। আগ্রহী, দক্ষ ও মনযোগী গোপালগঞ্জ সদর উপজেলার স্থায়ী নাগরিকদের নিম্নোক্ত সময়সূচি ও শর্তাবলী অনুসরণ পূর্বক **নির্ধারিত ফরমে** আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

কোর্সের নাম: ডিজিটাল মার্কেটিং

আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ: ৩ জুন ২০২৩, বিকাল ৪:০০

আবেদনপত্র জমা দেয়ার স্থান:

- ✓ উপজেলা আইসিটি কার্যালয়, উপজেলা পরিষদ কমপ্লেক্স (নিচ তলা), গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ।
- ✓ ইমেইল: doictgopalganjsadar@gmail.com

আবেদন ফরম প্রাপ্তিস্থান: www.sadar.gopalganj.gov.bd অথবা www.doict.sadar.gopalganj.gov.bd

লিখিত/মৌখিক পরীক্ষার স্থান, তারিখ, সময়: উপজেলা আইসিটি কার্যালয়, ০৫ জুন ২০২৩, সকাল ১০:৩০

প্রশিক্ষার্থীর যোগ্যতা:

- ১) ১৬-৩৫ বছর বয়সী বাংলাদেশী নাগরিক।
- ২) নূন্যতম এস.এস.সি পাশ ও ইংরেজীতে দক্ষ হতে হবে।
- ৩) এম.এস.ওয়ার্ড, এক্সেল, ফটোশপ, ইলাস্ট্রেটর ও কম্পিউটার, পরিচালনায় দক্ষ।
- ৪) নিজস্ব ল্যাপটপ আছে এমন প্রার্থী অগ্রাধিকার পাবেন।
- ৫) ফ্রিল্যান্সিং এ আগ্রহী ও মনযোগী হতে হবে।

প্রশিক্ষণের সুবিধা:

- ✓ প্রশিক্ষার্থীদের অভিজ্ঞ ফ্রিল্যান্সারদের তত্ত্বাবধানে প্রশিক্ষণের সুযোগ রয়েছে।
- ✓ বাংলাদেশের সেরা ফ্রিল্যান্সার কমিউনিটির সাথে কাজ করার সুযোগ থাকবে।
- ✓ মার্কেটপ্লেসে আউটসোর্সিং করে বৈদেশিক মুদ্রা আয়ের সুযোগ তৈরি হবে।
- ✓ বিনামূল্যে প্রশিক্ষণ প্রদান ও প্রশিক্ষণ সমাপ্তে সরকারি সার্টিফিকেট প্রদান করা হবে।

বিশেষ দৃষ্টব্য: উক্ত প্রশিক্ষণের জন্য কোন প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে না।

২১/০৫/২০২৩

(মো: রাজবুল আহমেদ)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ

মোবাইল: +৮৮০১৭২৪১৬০২৯৯

ই-মেইল: doictgopalganjsadar@gmail.com